# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং- ৪৩/পরীঃ/সরঞ্জাম/(আংশিক-১)/৩৩৩ তারিখ :১৪/০২/২০১৮

**বিষয় : ২০১৮ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট/ডিআইবিএস পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৮ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট/ডিআইবিএস পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত ও ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে উল্লিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। নির্ধারিত তারিখে সকাল ১০.০০ টা হতে বিকাল ০৩.০০টার মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

| তারিখ ও বার | জেলাসমূহ |
|---|---|
| ১১/০৩/২০১৮ রবিবার | ফরিদপুর ও গোপালগঞ্জ জেলার কেন্দ্রসমূহ |
| ১২/০৩/২০১৮ সোমবার | জামালপুর ও রাজবাড়ী জেলার কেন্দ্রসমূহ |
| ১৩/০৩/২০১৮ মঙ্গলবার | কিশোরগঞ্জ ও শেরপুর জেলার কেন্দ্রসমূহ |
| ১৪/০৩/২০১৮ বুধবার | নেত্রকোনা ও শরীয়তপুর জেলার কেন্দ্রসমূহ |
| ১৫/০৩/২০১৮ বৃহস্পতিবার | নরসিংদী জেলা ও ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ (ডিআইবিএস) কেন্দ্রসমূহ |
| ১৭/০৩/২০১৮ শনিবার | গাজীপুর ও মাদারীপুর জেলার কেন্দ্রসমূহ |

| তারিখ ও বার | জেলাসমূহ |
|---|---|
| ১৮/০৩/২০১৮ রবিবার | ময়মনসিংহ জেলার কেন্দ্রসমূহ |
| ১৯/ ০৩/২০১৮ সোমবার | টাঙ্গাইল জেলার কেন্দ্রসমূহ |
| ২০/০৩/২০১৮ মঙ্গলবার | নারায়ণগঞ্জ ও মানিকগঞ্জ জেলার কেন্দ্রসমূহ |
| ২১/০৩/২০১৮ বুধবার | ঢাকা ও মুন্সিগঞ্জ জেলার কেন্দ্রসমূহ |
| ২২/০৩/২০১৮ বৃহস্পতিবার | ঢাকা মহানগরীর কেন্দ্র ঢাকা-১ থেকে ঢাকা-২৫ পর্যন্ত |
| ২৫/০৩/২০১৮ রবিবার | ঢাকা মহানগরীর কেন্দ্র ঢাকা-২৬ থেকে ঢাকা-৫৩ পর্যন্ত |

উল্লেখ্য, নির্ধারিত তারিখে সরঞ্জামাদি গ্রহণের ক্ষেত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি কেন্দ্র কমিটির সাথে সংশ্লিষ্ট)-এর মাধ্যমে গ্রহণ করতে হবে। **কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারি অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না।** অধ্যক্ষ অথবা ভারপ্রাপ্ত অধ্যক্ষের বেলায় সরঞ্জামাদি গ্রহণের **আবেদনপত্রে কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি, এডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে** এবং প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের বেলায় **প্রাধিকার (Authorized) পত্রে কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি, এডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে।**

প্রকাশ থাকে যে, বর্তমানে ঢাকা শহরে সকাল ৮.০০টা হতে রাত ৮.০০টা পর্যন্ত ট্রাক চলাচল নিষিদ্ধ থাকায় **বাস ব্যতীত বিকল্প পরিবহণের ব্যবস্থা করতে হবে এবং সরঞ্জামাদি গাড়িতে উঠানোর জন্য বোর্ড কর্তৃপক্ষ কোন ব্যয় বহন করবেন না।**

প্রাপক : কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ
উচ্চমাধ্যমিক সার্টিফিকেট/ডিআইবিএস পরীক্ষা- ২০১৮
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র।

চেয়ারম্যানের আদেশক্রমে
12.02.18
তপন কুমার সরকার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৬৯৮১৫, ০১৭৫৫৫০৯১১৩

স্মারক নং- ৪৩/পরীঃ/সরঞ্জাম/(আংশিক-১)/৩৩৩ তারিখ :১৪ /০২/২০১৮

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

১. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
২. উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৩. উপসচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

১৪/০২/১৮
মোঃ আল মাসুদ করিম
উপপরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১৭৬৯৬, ০১৭১২৭০৩২৩৩